

ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ মোমেনশাহী

মোমেনশাহী সেনানিবাস, সদর ময়মনসিংহ

দরপত্র বিজ্ঞপ্তি


১। ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ মোমেনশাহী-এর বার্ষিক ম্যাগাজিন 'উন্মীলন ২০২৪' প্রকাশনার নিমিত্তে সরকারি লাইসেন্সধারী প্রকৃত মুদ্রণ প্রতিষ্ঠান/এ্যাডফার্ম-এর নিকট হতে নিজস্ব প্যাডে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ :

- ক। ম্যাগাজিনের আকার হবে ৮.৫ ইঞ্চি X ১১ ইঞ্চি সাইজ A4।
- খ। প্রতিটি ম্যাগাজিনের পৃষ্ঠা সংখ্যা হবে ২৫২ পৃষ্ঠা।
- গ। ইনার কাগজ ১২০ গ্রাম গ্লোসি আর্ট পেপার (বিদেশি)/মেট আর্ট পেপার (বিদেশি) ১২০ গ্রাম হতে হবে।
- ঘ। ম্যাগাজিনের জন্য আকর্ষণীয় প্রচ্ছদ, কভার পেইজ ও ইনার পেইজ ডিজাইনিং, পেজ সেটিং, দৃষ্টিনন্দন ইলাস্ট্রেশন ও ছাপানোসহ সমুদয় কাজ সম্পন্ন করতে হবে।
- ঙ। কভার ৩০০ গ্রাম কোরিয়ান আর্ট কার্ডে (হ্যান্ডসল কোরিয়া) ৪ রং ছাপা এবং কভার স্পট মেট লেমিনেশন হতে হবে।
- চ। সম্পূর্ণ ম্যাগাজিন প্রকৃত ৪ রং বিশিষ্ট (সম্পূর্ণ রঙিন) হবে।
- ছ। ছবির ছাপা ঝকঝকে স্পষ্ট হতে হবে।
- জ। ম্যাগাজিনের বাঁধাই মেশিন বাইন্ডিং মজবুত ও সুন্দর হতে হবে।
- ঝ। মোট ম্যাগাজিনের সংখ্যা হবে ৫০০০ কপি।
- ঞ। ম্যাগাজিন ছাপার ক্ষেত্রে কোন প্রকার ভুলত্রুটি গ্রহণযোগ্য নয়।
- ট। প্রতিষ্ঠান হতে সরবরাহকৃত তথ্যাদি ও ছবি সঠিক মুদ্রণে স্পষ্ট হতে হবে।
- ঠ। প্রতিটি ম্যাগাজিনে প্রতিষ্ঠানের লোগো সম্বলিত ট্যাগ (পৃষ্ঠা সনাক্তকরণ) ফিতাসহ থাকতে হবে।
- ঠ। ম্যাগাজিন বিতরণের জন্য ম্যাগাজিনের কভার পৃষ্ঠার অনুরূপ (রঙিন) রঙের ২০০ বক্স খাম সরবরাহ করতে হবে।
- ড। আগামী ১৫ অক্টোবর ২০২৪ তারিখের মধ্যে সমস্ত ম্যাগাজিন ছাপার কাজ সম্পন্ন করত প্রতিষ্ঠানের নিকট হস্তান্তর করতে হবে।
- ঢ। ম্যাগাজিন ছাপার কাজ সম্পন্ন করার পর নিজ খরচে তা অত্র প্রতিষ্ঠানে পৌঁছে দিতে হবে।
- ণ। প্রয়োজনে যে কোনো মুহূর্তে এই দরপত্র সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২। উপরিউক্ত শর্তাবলী গ্রহণযোগ্য মনে করলে আত্মীয় মুদ্রণ প্রতিষ্ঠানসমূহকে প্রতি ম্যাগাজিনের মূল্য উল্লেখপূর্বক আগামী ০৫ মে ২০২৪ তারিখ বেলা ১২০০ ঘটিকার মধ্যে প্রতিষ্ঠানের দরপত্র বাস্তবে সিলগালা করা খামে ম্যাগাজিন মুদ্রণ এবং ডিজাইনিং-এর জন্য পৃথক পৃথক ভাবে দরপত্র জমা দিতে হবে। একই সাথে পেপার গ্লোসি আর্ট এবং মেট আর্ট (ক্রম নং গ/১) এর জন্য পৃথক পৃথকভাবে দরপত্র জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো। কমিটির সদস্যবৃন্দের উপস্থিতিতে দরপত্রসমূহ ০৬ মে ২০২৪ তারিখ বেলা ১৩০০ ঘটিকায় খোলা হবে।

৩। অভিনব, দৃষ্টিনন্দন, সৃষ্টিশীল ও মৌলিক কর্মকে প্রাধান্য দেয়া হবে। এক্ষেত্রে নিজস্ব আইডিয়া নিয়ে নিম্নস্বাক্ষরকারীর সাথে ই-মেইল এর মাধ্যমে (principalcpscm@gmail.com) যোগাযোগ করতে বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিঃ দ্রঃ আমাদের প্রতিষ্ঠান শুধু Word file ও বিভিন্ন অনুষ্ঠানের JPEG ছবি সরবরাহ করবে। মুদ্রণ/এ্যাডফার্মকে ৩০ জুন ২০২৪ তারিখের মধ্যে একটি সম্পূর্ণ ডামি (হার্ডকপি) সরবরাহ করতে হবে।



অধ্যক্ষ

অবগতি :

এমইএস নোটিশ বোর্ড

স্টেশন সদর দপ্তর ময়মনসিংহ নোটিশ বোর্ড

গ্যারিসন সিনেমা হল নোটিশ বোর্ড

ক্যান্টনমেন্ট বোর্ড অফিস নোটিশ বোর্ড

ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ মোমেনশাহী নোটিশ বোর্ড

ওয়েবসাইট

ক্যান্টন নোটিশ বোর্ড

১নং গেইট

প্রেসপাড়া, ৮ ছোট বাজার, ময়মনসিংহ